# প্রাথমিকের ১৪ হাজার শিক্ষকের যোগদানের তারিখ পরিবর্তন করে বিজ্ঞপ্তি

**নিজস্ব প্রতিবেদক**

প্রকাশ: ০২ আগস্ট, ২০২৬ ১৫:০৪




সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ-২০২৫-এর আওতায় সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থীর যোগদানের তারিখ পরিবর্তন করে বিজ্ঞপ্তি জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

আগের নির্ধারিত ২৯ অক্টোবরের পরিবর্তে আগামী ১ অক্টোবর যোগদান করতে হবে নির্বাচিতদের।

একই সঙ্গে ৪ অক্টোবর তাদের পদায়নের তারিখ নির্ধারণ করা হয়েছে।

রবিবার (২ আগস্ট) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয়-২ শাখার উপসচিব জনাব রাজীব কুমার সরকার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এসব কথা জানিয়েছে।